

অর্জন সমূহ:

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্ম বান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাাবশ্যিক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। ভিজিডি কার্যক্রমের মাধ্যমে ২৮ হাজার ৯ শত ২১ জন দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তা দেয়া হয়েছে। প্রায় ৪ হাজার ৪ শত ৫৮ জন নারীকে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে। ৪ হাজার ৫০ জন কর্মজীবী নারীকে ল্যাকটেটিং ভাতা সহায়তা প্রদান করা হয়েছে। ১ হাজার ২ শত ৩০ জন ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। ৩ হাজার ৫ শত ১৫ জন নারীকে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৬০ জন মহিলাকে আইনি সহায়তা দেয়া হয়েছে। “জয়িতা অন্বেষণে” প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারীরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্য থেকে প্রতি উপজেলায় ৫টি ক্যাটাগরীতে ৫ জন নারীকে “জয়িতা” নির্বাচন ও পুরস্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধ করা হয়েছে। আত্মনির্ভরশীল করার লক্ষ্যে দরিদ্র মহিলাদের মধ্যে ৪০ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। কিশোর-কিশোরীদের বিকাশ সাধনের মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে ৩১ টি ক্লাবের মাধ্যমে প্রায় ৯৩০ কিশোর-কিশোরীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দুঃস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল হতে ১৭ জনকে ৯৫ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্ম পরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্ম সূচি গ্রহণ করা হয়েছে।